দৈনিক
ইত্তেফাক

তারিখ ..2 6 JUL.. 2009 ...
পৃষ্ঠা ... ২ ৩ কলাম..... ৪......

# শতভাগ ফেল করা কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

## শিক্ষামন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

যেসব কলেজ থেকে কেউ পাস করেনি সেগুলো পরিদর্শন করে প্রকৃত সমস্যা খুঁজে বের করা হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এবার ৪১টি কলেজ থেকে কেউ পাস করেনি।

গতকাল এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেন প্রতিবছর নানা (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শতভাগ ফেল করা

(২০শ পৃঃ পর)

কারণে ক্লাস শুরু হতে বিলম্ব হয়। এ কারণে আগামী শিক্ষাবর্ষ থেকে জানুয়ারির ১ তারিখ থেকে ক্লাস শুরুরও নির্দেশ দেয়া হয়েছে। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, শিক্ষা কোন ব্যবসার আইটেম হতে পারে না।

আগামী ১ মাসের মধ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন তৈরি করা হবে বলে তিনি জানান। তিনি বলেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসিদের সাথে বৈঠক করে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।